গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নড়াইল সদর, নড়াইল
www.narailsadar.narail.gov.bd

**বিষয়: আগস্ট/২০২২ মাসের নড়াইল সদর উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী।**

সভাপতি: মো: নিজাম উদ্দিন খান নিলু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নড়াইল সদর, নড়াইল

সহযোগিতায়:
সাদিয়া ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, নড়াইল সদর

তারিখ : ২৫/০৮/২০২২ খ্রি.

সময় : বেলা- ১১: ৩০ টা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য:

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকল সদস্যদের অনুরোধ করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার প্রারম্ভিক বক্তব্যে সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করত: আলোচ্যসূচি অনুযায়ী সকলকে বক্তব্য প্রদানের আহ্বান জানান।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| **১। স্থায়ী কমিটির সুপারিশসমূহ:** উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, চলতি মাসে অনুষ্ঠেয় স্থায়ী কমিটির ২টি সভার কার্যবিবরণী পাওয়া যায়। সকল স্থায়ী কমিটির নিয়মিতভাবে সভা অনুষ্ঠানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল এর কার্যালয়ে জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব |
| **২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):** ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরের বাকি ০১টি চলমান প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত শেষ করাসহ প্রকল্প সদর দপ্তর হতে অনুমোদিত ২০২০-২০২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল এবং ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর<br>ইউডিএফ , নড়াইল সদর |
| **৩। উপজেলা স্বাস্থ্য বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং উপজেলা পরিষদ কেন্দ্রে কোভিড-১৯ এর ভ্যাকসিনেশন কার্যক্রম অব্যাহত আছে। কোন সমস্যা নেই। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ নড়াইল সদর উপজেলা পরিষদ কেন্দ্রে কোভিড-১৯ এর ভ্যাকসিনেশন কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর |
| **৪। উপজেলা কৃষি বিভাগ:** উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | কৃষি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| **৫। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ, তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| **৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, তার দপ্তর হতে আগস্ট/২০২২ মাসে বিভিন্ন কার্যক্রমের মধ্যে গবাদি পশুর টিকা প্রদান সংখ্যা ৭৫৮০ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান সংখ্যা-৬২৯০০মাত্রা, গবাদি পশুর চিকিৎসা সংখ্যা-২৫২০টি, হাঁস-মুরগীর চিকিৎসা সংখ্যা-১২৫৭৪টি, কৃত্রিম প্রজনন সংখ্যা (তরল+হিমায়িত)-১২৪১টি, কৃত্রিম প্রজনন থেকে বাচ্চা জন্মের সংখ্যা-৩৫৮টি, দারিদ্র বিমোচন লোন আদায় হয়নি। কৃত্রিম প্রজনন থেকে রাজস্ব আয় হয়েছে-৩২৯৪০/- টাকা, হাঁস-মুরগি ও গবাদি পশুর টিকাবীজ থেকে রাজস্ব আয়-১৯৭১৫/- টাকা এবং গবাদি পশুর রেজিস্ট্রেশন হতে আয়-১২০০০/- টাকা এবং পশুখাদ্য রেজিষ্ট্রেশন হতে ৬১০০/- টাকাসহ মোট রাজস্ব প্রাপ্তি ৭০৭৫৫/-টাকা। তিনি আরও জানান স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার বিভাগের কার্যক্রম যথারীতি চলছে। | প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, নড়াইল সদর |
| **৭। উপজেলা মৎস্য বিভাগ:** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগস্ট/২০২২ মাসে মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য মান নিয়ন্ত্রণ আইন ও ফরমালিনের অপব্যবহার রোধকল্পে বিভিন্ন মাছ বাজার পরিদর্শন এবং সচেতনতা সভা অব্যাহত আছে। তিনি আরও জানান দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ প্রকল্পের আওতায় ১টি ইউনিয়নে উদ্বুদ্ধকরণ সভা করা হয়েছে। এ মাসে মোট ৫৮ জন মৎস্য চাষীর মাঝে মাছ চাষের পরামর্শ প্রদান করা হয়েছে এবং ১৪টি মৎস্য ঘের সরেজমিনে পরিদর্শন করে পরামর্শ প্রদান করা হয়েছে। মৎস্য আড়ত, ফিস ল্যান্ডিং সেন্টার ও মাছ বাজারে গণসচেতনতা সভা ও পরিদর্শন অব্যাহত আছে। এছাড়া তার দপ্তরের বিভিন্ন দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ প্রকল্পের কার্যক্রম যেমন যেমন মৎস্য অভয়াশ্রম, বিল নার্সারি স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। | আলোচনান্তে স্বাস্থ্যবিধি অনুসরণ করে মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য মান নিয়ন্ত্রণ আইন ও ফরমালিনের অপব্যবহার রোধকল্পে নিয়মিত বাজার পরির্দন, গণসচেতনতা সভার আয়োজন, মাছের ঘের পরিদর্শন এবং মৎস্য চাষীদের মাছ চাষ সম্পর্কে পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়াইল সদর |
| **৮। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, তার কার্যালয় হতে জুলাই/২০২২ মাসে বিভিন্ন সমিতির সদস্যদের মাঝে ৩৬,১৯ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায় হয়েছে ৩২.৩৮ লক্ষ টাকা, শেয়ার আদায় হয়েছে ০.০১ লক্ষ টাকা এবং সঞ্চয় আদায় হয়েছে ২.১৫ লক্ষ টাকা। সমিতির সদস্য সংখ্যা-১০২ জন। তিনি আরও জানান স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরসহ তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার নড়াইল সদর |
| **৯। উপজেলা খাদ্য বিভাগ:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর সভায় জানান যে, বর্তমানে নড়াইল খাদ্য গুদামে ধান-১১৭০.৪২৮ মে: টন, চাল-৩২৭৫.৮৫৩ মে: টন, গম-৬৫.১৭৩ মে: টন এবং খালি বস্তা-২২২৫ খানা মজুদ আছে। এছাড়া খাদ্য শস্য সংগ্রহ লক্ষ্যমাত্রা বোরো সিদ্ধ চাল ২৫০৯.০০০ মে:টন, অর্জন-২২৩৪.৪৪০ মে:টন, সংগ্রহ মূল্য-৪০/-টাকা, ধান-৩০৫৫.০০০ মে:টন, অর্জন-১৪৬৪.০০০ মে:টন, সংগ্রহ মূল্য-২৭/-টাকা, আতপচাল ৫৪.৯৯০ মে:টন, অর্জন ২৪.৭০০ মে:টন, সংগ্রহ মূল্য-৩৯/- টাকা। চাল কল লাইসেন্সধারী ৩৩টি চুক্তিবদ্ধ ২৬টি এবং চুক্তির পরিমাণ ২৫০৮.৯৯০ মে:টন। ইস্যুকৃত ডিও'র অনুকূলে বিতরণকৃত খাদ্যশস্যের পরিমাণ চাল খাতভিত্তিক ইপি-৩৯.৭০৭ মে:টন, ওপি-৮.০০০ মে: টন, মুক্তিযোদ্ধা-২.০০০ মে:টন, ওএমএস-৯০.০০০ মে:টন, এবং ভিজিডি-৫০.২৫০ মে:টন। গম খাতভিত্তিক ইপি-৩৬.৯৮১ মে:টন, ওপি- ১.০০০ মে: টন এবং মুক্তিযোদ্ধা-২.০০০ মে:টন। এছাড়া বিভিন্ন খাদ্য সামগ্রীর বাজার দর চাল মোটা-৪২/--৪৩/- টাকা, চাল মাঝারী-৫২/--৫৩/- টাকা, চাল সরু-৬৩/--৬৪/- টাকা, ধান মোটা-২৫/--২৬/- টাকা, ধান মাঝারী-৩৩/- -৩৪/- টাকা, আটা লুজ-৪৮/--৫০/- টাকা, আটা প্যাকেট-৫২/--৫৫/- টাকা, চিনি-৮৮/--৯০/- টাকা, ডাউল মুশুরি-৯৯/--১০০/- টাকা, সয়াবিন তেল-১৮৩/--১৮৫/- টাকা এবং সরিষার তেল-২৩০/--২৩২/- টাকা। তিনি আরও জানান খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | খাদ্য বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করা করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইল |
| **১০। যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | যুব উন্নয়ন বিভাগের ঋণ বিতরণ ও আদায়সহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| ১১। **<u>সমাজসেবা বিভাগ:</u>** উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | আলোচনান্তে সমাজসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর |
| ১২। **<u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:</u>**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, জুলাই/২০২২ মাসে পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতির আওতায় ভ্যাসেকটমি লক্ষ্যমাত্রা ০৪, অর্জন নতুন ০০, মোট-৯১৮, টিউবেকটমি লক্ষ্যমাত্রা ৩৯, অর্জন নতুন ১৩, মোট-৬১৮৯, আইইউডি লক্ষ্যমাত্রা ৫৫, অর্জন নতুন ০৯, মোট-১৬৬৮, ইমপ্লান্ট লক্ষ্যমাত্রা ৬০, অর্জন নতুন ২৮, মোট-২৬৭৫, ইনজেকশন লক্ষ্যমাত্রা ২৫৫, অর্জন নতুন ৮৭ মোট-৬৯৭৩, খাবার বড়ি লক্ষ্যমাত্রা ৩০০, অর্জন নতুন ২২৩, মোট ২৪৬০৩ কনডম লক্ষ্যমাত্রা ৮৩, অর্জন নতুন ১১৩ মোট ৫৮৬৯, মোট সক্ষম দম্পতি ৬২৮০০, মোট গ্রহণকারী ৪৮৮৯৫ এবং সি এ আর ৭৭.৮৬%। তিনি আরও জানান স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর |
| ১৩। **<u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u>** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত পাঠদান চলছে। জাতীয় শোক দিবস (১৫ আগস্ট) সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকের শূন্য পদে অধিযাচন (E-Reuisition)/সংশোধনের কাজ চলমান। উপজেলা আইসিটি ভবনের (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) পাইলিং টেস্টিং এর কাজ চলছে। তিনি আরও জানান তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে শিক্ষা বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ১৪। **<u>বাংলাদেশ পল্লী উন্নয়ন বিভাগ (পল্লী জীবিকায়ন কর্মসূচি):</u>**<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (অ:দা:), পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর সভায় জানান যে, তার কার্যালয় হতে আগস্ট/২০২২ মাসে সমিতির সদস্যদের মাঝে কোন ঋণ বিতরণ করা হয়নি। ঋণ আদায় হয়েছে ১১.৭৮ লক্ষ টাকা, শেয়ার আদায় ০.০৪ লক্ষ টাকা এবং সঞ্চয় আদায় হয়েছে ০.৩৪ লক্ষ টাকা। মাস শেষে খেলাপী ঋণের পরিমাণ ৩৫.৮০ লক্ষ টাকা। | আলোচনান্তে পল্লী জীবিকায়ন কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণ আদায়ের গতি বৃদ্ধি করা, করোনা ভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণসহ তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন কর্মসূচি, বি,আর,ডি,বি, নড়াইল সদর |
| ১৫। **<u>পরিসংখ্যান বিভাগ:</u>** উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইল এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, Sample Vital Registration (SVSB) প্রকল্পের অধীন Sample Vital Registration System জরিপ এর তথ্য সংগ্রহ কাজ প্রতি মাসের ০১-১৫ তারিখের মধ্যে করা হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল একাউন্টিং উইং এর মূল্য ও মজুরি শাখার বিভিন্ন সূচকের (দরছকের মাধ্যমে) তথ্য সংগ্রহের কাজ প্রতি মাসের ১২-১৮ তারিখের মধ্যে করা হয়। CAPI পদ্ধতিতে হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেনডিচার সার্ভে (HIES) ২০২২ এর লিস্টিং কার্যক্রম এবং CAPI অ্যাপ্লিকেশনের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ ০৯/১১/২০২১ তারিখ হতে শুরু হয়ে বর্তমান চলমান আছে। CAPI পদ্ধতিতে শ্রম শক্তি জরিপ এবং জাতীয় শিশুশ্রম জরিপের লিস্টিং কার্যক্রম ০১/১১/২০২১ তারিখ হতে শুরু হয়ে বর্তমান চলমান আছে। তিনি আরও জানান পরিসংখ্যান বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | পরিসংখ্যান বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পন্ন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর |
| ১৬। **<u>উপজেলা রিসোর্স সেন্টার:</u>**<br>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, তিনি আগস্ট ২০২২ মাসে প্রমাপ অনুযায়ী এ উপজেলার ৫টি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করে বিদ্যালয়ের শ্রেণি পাঠদান কার্যক্রম এবং মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে শিক্ষকদেরকে প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান করেছেন। তিনি আরও জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা রিসোর্স সেন্টারের কাজকর্ম ও প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণের জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয় | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর |



৪

| | | |
|---|---|---|
| ১৭। **মহিলা বিষয়ক অধিদপ্তর:** উপপরিচালক (অ:দা:), মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল সভায় জানান জুলাই/২০২২ মাস পর্যন্ত মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় নড়াইল সদর উপজেলায় ৮৫৫ জনকে (ক্রমপুঞ্জিত) ৫২২৪০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং জুলাই/২০২২ মাসে ঋণ আদায় হয়েছে ৮৯০০/-টাকা। ২০২১-২০২২ ভিজিডি চক্রের আওতায় নড়াইল সদর উপজেলার ১৩টি ইউনিয়নে ১৬৭৬ জন উপকারভোগীর মাঝে জুলাই/২০২২ মাসে ভিজিডি'র বরাদ্দ না থাকায় খাদ্য বিতরণ করা হয়নি। নড়াইল সদর উপজেলা ১৩টি ইউনিয়নের প্রতিটিতে ১৫৬ জন করে সর্বমোট ২০২৮ জন চলমান মাতৃত্বকাল ভাতাভোগী আছে এবং জানুয়ারি/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত উক্ত ভাতাভোগীগণ মাসে ৮০০/- হিসেবে ৬ মাসে ৪,৮০০/- টাকা করে স্ব-স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা উত্তোলন করেছেন। নড়াইল পৌরসভায় "কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির আওতায় ১১০০ জন ভাতাভোগী আছে এবং জানুয়ারি/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ভাতাভোগীগণ মাসে ৮০০/- হিসেবে ৬ মাসে ৪,৮০০/- টাকা করে স্ব-স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা উত্তোলন করেছেন। নড়াইল সদর উপজেলায় ৩০টি স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন আছে। সক্রিয় সংগঠনগুলি যৌতুক নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ নিরোধ বিষয়ে সচেতনতামূলক কাজ করছে। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর , নড়াইল এর কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে জুলাই/২২ হতে সেপ্টেম্বর/২২ পর্যন্ত তিন মাস মেয়াদে ৫টি ট্রেডে ২০ জন করে মোট ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় ১৪টি কিশোর-কিশোরী ক্লাব আছে। ক্লাবে আগত কিশোর কিশোরীদেরকে সংগীত শিক্ষক, আবৃত্তি শিক্ষক, জেন্ডার প্রমোটার এবং কারাতে প্রশিক্ষকের মাধ্যমে সাংস্কৃতিক চর্চাসহ আত্মরক্ষার কৌশল শেখানো হয়। তিনি আরও জানান মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | মহিলা বিষয়ক অধিদপ্তরের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পন্ন করা, বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান, যৌতুক নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং বাল্যবিবাহ নিরোধ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল |
| ১৮। **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, এ উপজেলায় বিভিন্ন ক্যাটাগরিতে মোট সমবায় সমিতির মোট সংখ্যা ৫৭২টি। এ মাস পর্যন্ত অডিট সম্পাদন হয়েছে ১৪টি। ২০২০-২০২১ অর্থ বছরে অডিট ফি আদায়- ৪০,৭০০/- এবং সিডিএফ আদায় হয়েছে ১৫,১২৫/- টাকা। চিত্রা আশ্রয়ণ প্রকল্পে মোট ঋণ বিতরণ ৩০,২৩,০০০/- টাকা এবং মোট ঋণ প্রাপ্তি ১৪,০০,০০০/-টাকা । জুলাই ২০২২ মাসে ঋণ আদায় ৫০০/- টাকা। এ পর্যন্ত মোট ঋণ আদায় ২১,৬৯,০২০/-টাকা। অনাদায়ী ঋণের পরিমাণ ১০,৯৫,৮২০/- টাকা। ঋণ আদায়ের হার ৬৬%। গোপীকান্তপুর আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এর আওতায় মোট ঋণ বিতরণ ১২,১০,৫০০/- টাকা এবং ঋণ প্রাপ্তি ৬,৩০,০০০/- টাকা। জুনলাই ২০২২ মাসে ঋণ আদায় ১,৩০০/- টাকা। এ পর্যন্ত মোট ঋণ আদায়ের পরিমাণ ৮,২৪,৭১৯/- টাকা। অনাদায়ী ঋণের পরিমাণ ৪,৮২,৬২১/-টাকা। ঋণ আদায়ের হার ৬৩%। | সমবায় বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও বিতরণকৃত ঋণের টাকা আদায়ের হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর |
| ১৯। **বীজ বিভাগ:** সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, ২০২২-২০২৩ আমন বীজ বিতরণ মৌসুমে আমন ধান বীজের বরাদ্দ পাওয়া যায় ১৩৩ মে: টন। তন্মধ্যে ৯৮ মে: টন বিক্রয় করা হয়েছে এবং ৩৫ মে: টন অন্যত্র প্রেরণ করা হয়েছে। বর্তমানে বীজ গুদামে কোন বীজ নাই। তিনি আরও জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিএডিসি বীজ বিভাগের বীজ বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদরকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র,সহকারী পরিচালক, বীজ বিপণন, নড়াইল সদর |
| ২০। **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ:** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | আলোচনান্তে উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার নড়াইল সদর |
| ২১। **জনস্বাস্থ্য বিভাগ:** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইল সভায় তার কার্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক ভৌত কাজের আগস্ট/২০২২ মাসের অগ্রগতি সম্পর্কে জানান যে, সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ধরণের নলকূপ স্থাপন কাজ কেরিড ওভার-৬৭০টি, অগ্রগতি ৫০%, অবশিষ্ট কাজ চলমান আছে। আশ্রয়ণ প্রকল্প (পানির উৎস/নলকূপ স্থাপন কাজ) ৬ নং অগভীর নলকূপ, ৬নং গভীর নলকূপ ও তারা গভীর নলকূপ ৩য় ফেজে নির্মানাধীন ঘরের জন্য পানির উৎস/নলকূপ স্থাপন কাজের দরপত্র আহবান প্রক্রিয়াধীন আছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় দ্বিতল ওয়াশব্লক ১১টি। কাজের অগ্রগতি ৩০%। অবশিষ্ট কাজ চলমান আছে। পানির উৎস টিএসপি ০৪টি, অগ্রগতি ৫০%, অবশিষ্ট কাজ চলমান আছে। NBIDNNGPS-1 প্রকল্পে দ্বিতল ওয়াশ ব্লক ৭টি, অগ্রগতি ৮৫%, ৫টি হস্তান্তর করা হয়েছে। পানির উৎস টিএসপি-এ ৩৮টি, অগ্রগতি ১৮টি, অবশিষ্ট কাজ চলমান আছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন, গভীর ও অগভীর নলকূপ স্থাপন এবং ওয়াশব্লক নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইল |

| | | |
|---|---|---|
| **২২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নড়াইল সদর |
| **২৩। উপজেলা নির্বাচন বিভাগ:**<br>উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা নির্বাচন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| **২৪। বন বিভাগ:** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল সভায় জানান যে, করাত কল বিধিমালা-২০১২ অনুযায়ী অবৈধ করাতকল উচ্ছেদের চলমান অভিযান আরও জোরদার করার লক্ষ্যে অবৈধ করাত কলের বিদ্যুৎ সংযোগ না দেয়া এবং সংযোগ থাকলে তা বিচ্ছিন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের (ওজোপাডিকো/পল্লী বিদ্যুৎ সমিতি) প্রতি অনুরোধ জানান। এছাড়া অবৈধ করাত কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট প্রশাসনকে অনুরোধ জানান। তিনি আরও জানান বনবিভাগ হতে সরকার নির্ধারিত ৯/- (নয়) টাকা মূল্যে চারা বিক্রয় কার্যক্রম চলমান আছে। | বন বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ, তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল |
| **২৫। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন:** উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, তার কার্যালয় হতে ২০২২-২০২৩ অর্থ বছরে ক্ষুদ্র ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা ৩৯০.০০ লক্ষ টাকা এবং জুলাই/২২ মাস পর্যন্ত বিতরণ করা হয়েছে ১৬.২৫ লক্ষ টাকা। ক্ষুদ্র উদ্যোক্তা ও নারী উদ্যোক্তা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯০.০০ লক্ষ টাকা এবং জুলাই/২২ মাস পর্যন্ত বিতরণ করা হয়েছে ০.৬০ লক্ষ টাকা। এছাড়া চলতি অর্থ বছরে নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ ২৫ জন করে ৬টি ব্যাচ এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের জন্য ৩টি ব্যাচ নির্ধারণ করা হয়েছে। | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করা এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, নড়াইল সদর |
| **২৬। উপজেলা প্রকৌশল বিভাগ:**<br>(ক) উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের আবাসিক কোয়াটারের সাগরিকা, স্মরনিকা ও নিরিবিলি ভবন মেরামত/সংস্কারের জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। উক্ত ভবন ৩টি'র টুকিটাকি মেরামত/সংস্কারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) সভায় আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের আবাসিক কোয়াটারের সাগরিকা, স্মরনিকা ও নিরিবিলি ভবনের টুকিটাকি মেরামত/সংস্কারের জন্য সভায় উপস্থাপিত ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং জরুরিভিত্তিতে প্রকল্প বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়।<br>১) চেয়ারম্যান,মাইজপাড়া ইউপি, নড়াইল সদর- সভাপতি<br>২) উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর- সদস্য<br>৩) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর- সদস্য<br>৪) উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর - সদস্য<br>৫) উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর - সদস্য | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর<br>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর<br>উপজেলা প্রকৌশলী নড়াইল সদর<br>সংশ্লিষ্ট কমিটি |
| (খ) উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, নড়াইল সদর উপজেলা পরিষদ আবাসিক কোয়াটারে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের চিত্ত বিনোদনের জন্য পরিষদের অভ্যন্তরে তথা নিকটবর্তী কোন স্থানে কোন শিশু-পার্ক নেই। তাই তিনি কোমলমতি শিশুদের মানসিক উন্নতি, মেধার বিকাশ এবং চিত্ত বিনোদনের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি শিশু-পার্ক নির্মাণের লক্ষ্যে ৪৩,১৪,৩১৭/- (তেতাল্লিশ লক্ষ চৌদ্দ হাজার তিনশত সতেরো) টাকার প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। শিশু-পার্ক নির্মাণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (খ) আলোচনান্তে নড়াইল সদর উপজেলা পরিষদের আবাসিক কোয়াটারে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের চিত্ত বিনোদনের জন্য পরিষদের অভ্যন্তরে এবং নিকটবর্তী কোন স্থানে কোন শিশু-পার্ক না থাকায় কোমলমতি শিশুদের মানসিক উন্নতি, মেধার বিকাশ এবং চিত্ত বিনোদনের বিষয়টি গুরুত্ব বিবেচনায় পরিষদের অভ্যন্তরে একটি শিশু-পার্ক নির্মাণের লক্ষ্যে ৪৩,১৪,৩১৭/- (তেতাল্লিশ লক্ষ চৌদ্দ হাজার তিনশত সতেরো) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। শিশু-পার্ক নির্মাণের প্রাক্কলিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদন আনয়ণের নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর |

<table>
<tr>
<td>
২৭। (ক) উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ চেয়ারম্যান এর আগস্ট/২০২২ মাসের এবং ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান জুলাই ও আগস্ট/২০২২ মাসের ভ্রমণ ভাতা বিল নিম্নোক্তভাবে পাওয়া গেছে।
<table>
<tr><th>ক্র</th><th>নাম ও পদবি</th><th>মাসের নাম</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১</td><td>জনাব মোঃ নিজাম উদ্দিন খান নিলু<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর</td><td>আগস্ট/২০২২</td><td>৯,৩৭৫/-</td></tr>
<tr><td rowspan="3">২</td><td rowspan="3">জনাব তোফায়েল মাহমুদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর</td><td>জুলাই/২০২২</td><td>৮,৫০০/-</td></tr>
<tr><td>আগস্ট/২০২২</td><td>৭,৫০০/-</td></tr>
<tr><td>মোট=</td><td>১৬,০০০/-</td></tr>
<tr><td rowspan="3"></td><td rowspan="3">জনাব ইসমত আরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর</td><td>জুলাই/২০২২</td><td>৮,৫০০/-</td></tr>
<tr><td>আগস্ট/২০২২</td><td>৭,৫০০/-</td></tr>
<tr><td>মোট=</td><td>১৬,০০০/-</td></tr>
</table>
</td>
<td>আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান এর আগস্ট/২০২২ মাসের ভ্রমণভাতা বিল ৯,৩৭৫/- (নয় হাজার তিনশত পাঁচিশ) টাকা, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২২ এবং আগস্ট/২০২২ মাসের ভ্রমণভাতা বিল প্রত্যেকের (জুলাই/২২-৮,৫০০/-+আগস্ট/২২-৭,৫০০/-) ১৬,০০০/- (ষোলো হাজার) টাকা করে সর্বমোট ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br>নড়াইল সদর</td>
</tr>
<tr>
<td>(খ) উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর সভায় জানান যে, চলতি বর্ষা মৌসুমে এ উপজেলায় মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে; মশার কামড়ে যে কোন মুহূর্তে ডেঙ্গু, চিকুনগুনিয়াসহ অন্যান্য রোগের প্রাদুর্ভাব দেখা দিতে পারে। উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ফ) নম্বর অনুচ্ছেদে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অর্থায়নে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে প্রতিটি ইউনিয়নে প্রতি অর্থবছরে মশা নিধনের জন্য অর্থ ব্যয় করার নির্দেশনা আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>আলোচনান্তে চলতি ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা এ উপজেলার ১৩টি ইউনিয়নের প্রতি ইউনিয়নে ১০,০০০/- করে সর্বমোট (১০,০০০/-x১৩=১,৩০,০০০/-) ১,৩০,০০০/-(এক লক্ষ ত্রিশ হাজার) টাকা ব্যয়ে মশা নিধনের লক্ষ্যে স্প্রে মেশিন ও ওষুধ ক্রয় করে মশার বিস্তার রোধকল্পে সংশ্লিষ্ট ইউনিয়নের ঝঁকিপূর্ণ স্থানসমূহে ওষুধ ছিটানোর সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়। গৃহীত প্রকল্প জরুরিভিত্তিতে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত প্রকল্প কমিটি গঠন করা হয়।<br>১) চেয়ারম্যান, মুলিয়া ইউপি, নড়াইল সদর- সভাপতি<br>২) উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর- সদস্য<br>৩) সিনি: উপজেলা মৎস্য অফিসার, নড়াইল সদর- সদস্য<br>৪) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,নড়াইল সদর- সদস্য<br>৫) উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর - সদস্য<br>উল্লিখিত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটিকে সরবরাহ করার জন্য উপজেলা প্রকৌশলী, নড়াইল সদরকে অনুরোধ জানানো হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর<br><br>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর<br><br>উপজেলা প্রকৌশলী নড়াইল সদর<br><br>সংশ্লিষ্ট কমিটি</td>
</tr>
<tr>
<td>
২৮। পৌরকর পরিশোধ: উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর জানান সভায় যে, মেয়র, নড়াইল পৌরসভা তাঁর কার্যালয়ের ১৪/০৭/২০২২ খ্রি. তারিখের ২০৩৪ নম্বর পত্রে ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদের নিম্নবর্ণিত ভবনাদির পৌরকর বাবদ মোট ১,৫৪,২৭৬/- (এক লক্ষ চুয়ান্ন হাজার দুইশত ছিয়াত্তর) টাকার বিল দাখিল করেছেন।
<table>
<tr><td>১. উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন (হোল্ডিং নম্বর-০১১৩)</td><td>৩৩,৯১৯/-</td></tr>
<tr><td>২. উপজেলা পরিষদ মার্কেট ভবন (হোল্ডিং নম্বর-০১১৭)</td><td>১৪,১২৫/-</td></tr>
<tr><td>৩. উপজেলা পরিষদ কোয়াটার নিহারিকা ভবন (হোল্ডিং নম্বর-০১১৮)</td><td>২৫,৪৬৭/-</td></tr>
<tr><td>৪. উপজেলা পরিষদ কোয়াটার স্মরনিকা ভবন (হোল্ডিং নম্বর-০১২২)</td><td>২৩,০১৬/-</td></tr>
<tr><td>৫. উপজেলা পরিষদ কোয়াটার সাগরিকা ভবন (হোল্ডিং নম্বর-০১২৩)</td><td>২৩,০১৬/-</td></tr>
<tr><td>৬.উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবন (হোল্ডিং নম্বর-০১২৩-০১)</td><td>৩৪,৭৩৩/-</td></tr>
<tr><td></td><td>১,৫৪,২৭৬,</td></tr>
</table>
উল্লিখিত পৌরকর বিল পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।
</td>
<td>আলোচনান্তে এ উপজেলা পরিষদের ৮(আট)টি ভবনের ২০২২-২০২৩ অর্থবছরের পৌরকর বিল বাবদ সর্বমোট ১,৫৪,২৭৬/- (এক লক্ষ চুয়ান্ন হাজার দুইশত ছিয়াত্তর) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর<br>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>

**২৯।** উপজেলা পরিষদের মালি ও পরিচ্ছন্ন কর্মীর জুলাই/২০২২ মাসের দৈনিক মজুরি বিল, উপজেলা পরিষদের জুলাই/২০২২ মাসের আনুষঙ্গিক ও আপ্যায়ন খরচ বিল, নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের জুলাই/২০২২ মাসে রান্নার গ্যাস ও অন্যান্য মালামাল ক্রয় বিল, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষ্যে ব্যানার ও ফুলের ডালা তৈরি খরচ বিল, উপজেলা পরিষদের আগস্ট/২২ মাসে সোলার প্যানেল মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় বিল এবং আনসার ব্যারাকের জুলাই/২০২২ মাসের বিদ্যুৎ বিল অনুমোদন প্রসংগে।

<table>
<tr><td>(ক)</td><td>উপজেলা পরিষদের মালির জুলাই/২০২২ মাসের দৈনিক মজুরি বিল</td><td>১০,৪৫০/-</td></tr>
<tr><td>(ক)</td><td>উপজেলা পরিষদের পরিচ্ছন্ন কর্মীর জুলাই/২০২২ মাসের দৈনিক মজুরি বিল</td><td>১০,৪৫০/-</td></tr>
<tr><td>(খ)</td><td>উপজেলা পরিষদের জুলাই/২০২২ মাসের আনুষঙ্গিক খরচ বিল</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>(গ)</td><td>উপজেলা পরিষদের জুলাই/২০২২ মাসের আপ্যায়ন খরচ বিল</td><td>৩০,০০০/-</td></tr>
<tr><td>(ঘ)</td><td>আনসার সদস্যদের জুলাই/২০২২ মাসে রান্নার গ্যাস ও অন্যান্য মালামাল ক্রয় বিল</td><td>৬,৫৪০/-</td></tr>
<tr><td>(ঙ)</td><td>১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষ্যে ব্যানার ও ফুলের ডালা তৈরি খরচ বিল</td><td>১৫,৬০০/-</td></tr>
<tr><td>(চ)</td><td>উপজেলা পরিষদের আগস্ট/২২ মাসে সোলার প্যানেল মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় বিল</td><td>৩,০৫০/-</td></tr>
<tr><td>(ছ)</td><td>আনসার ব্যারাকের জুলাই/২০২২ মাসের বিদ্যুৎ বিল</td><td>২,৪৪০/-</td></tr>
</table>

</td>
<td>আলোচনান্তে উপজেলা পরিষদের মালি ও পরিচ্ছন্ন কর্মীর জুলাই/২০২২ মাসের দৈনিক মজুরি বিল যথাক্রমে ১০,৪৫০/- টাকা ও ১০,৪৫০/- টাকা, উপজেলা পরিষদের জুলাই/২০২২ মাসের আনুষঙ্গিক খরচ বিল-৫,০০০/- টাকা ও আপ্যায়ন খরচ বিল-৩০,০০০/- টাকা, নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের জুলাই/২০২২ মাসে রান্নার গ্যাস ও অন্যান্য মালামাল ক্রয় বিল-৬,৫৪০/- টাকা, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষ্যে ব্যানার ও ফুলের ডালা তৈরি খরচ বিল-১৫,৬০০/- টাকা, উপজেলা পরিষদের আগস্ট/২২ মাসে সোলার প্যানেল মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় বিল-৩,০৫০/- টাকা এবং আনসার ব্যারাকের জুলাই/২০২২ মাসের বিদ্যুৎ বিল-২,৪৪০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ নড়াইল সদর<br><br>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর</td>
</tr>
</table>

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০৮/২০২২

মোঃ নিজাম উদ্দিন খান নিলু
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নড়াইল সদর, নড়াইল

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫৭৬.০০১.০১.০৩৩.২২-৭৫৭(৫০)

তারিখ : ২৫/০৮/২০২২ খ্রি.

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৩-নড়াইল-১
৩. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৪-নড়াইল-২
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৭. জেলা প্রশাসক, নড়াইল

অনুলিপি-জ্ঞাতার্থে ও কার্যার্থে-

৮. মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল
৯. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
১০. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
১১. উপজেলা........................................................ অফিসার, নড়াইল সদর, নড়াইল
১২. চেয়ারম্যান .................................................. ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল

২৫/০৮/২০২২

সাদিয়া ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল